প্রশিক্ষণ সেবা :

ক) প্রাতিষ্ঠানিক প্রশিক্ষণ সেবা :

➢ প্রশিক্ষণ সেবা প্রদানের জন্য কুমিল্লা শহরের উপকণ্ঠে কোটবাড়ীতে রয়েছে দেশের শীর্ষ সমবায় প্রশিক্ষণ প্রতিষ্ঠান বাংলাদেশ সমবায় একাডেমী। এছাড়াও আঞ্চলিক পর্যায়ে মুক্তাগাছা, নরসিংদী, ফরিদপুর, ফেনী, মৌলভীবাজার, খুলনা, বরিশাল, নওগাঁ এবং রংপুরে ১০ টি আঞ্চলিক সমবায় ইনস্টিটিউট রয়েছে। রাজস্ব ও উন্নয়ন বাজেটের অধীনে এবং সমবায় উন্নয়ন তহবিলের অর্থায়নে এ সকল প্রশিক্ষন প্রতিষ্ঠানের মাধ্যমে (১) পেশাগত দক্ষতা উন্নয়ন, (২) সচেতনতা সৃষ্টি (৩) সমবায় ব্যবস্থাপনা ও (৪) বিভিন্ন আয়বর্ধনকারক কোর্সে প্রশিক্ষন দেয়া হয়ে থাকে।

খ) কোর্স সম্পর্কিত তথ্য :

➢ কোর্সগুলোর মেয়াদ ৩ দিন হতে ৬০ দিন পর্যন্ত। এসব কোর্সে যে কোন উৎসাহী সমবায়ী মহিলা/পুরুষ অংশ নিতে পারেন।

➢ প্রশিক্ষণার্থীদের বিনা খরচে আহার ও বাসস্থানের ব্যবস্থা করা হয়। সমবায়ীদের প্রশিক্ষণে নির্ধারিত হারে যাতায়াত ভাতাও দেয়া হয়।

➢কোর্সগুলো বছরব্যাপী পর্যায়ক্রমে অনুষ্ঠিত হয়।

➢ কোর্স শুরুর পূর্বে জেলা সমবায় কার্যালয় সমূহে মনোনয়ন প্রেরণের জন্য বিজ্ঞপ্তি প্রেরণ করা হয়। প্রশিক্ষণ ইনস্টিটিউট সমূহের নোটিশ বোর্ডেও বিজ্ঞপ্তি প্রকাশ করা হয়।

➢ প্রশিক্ষণ কোর্সে অংশগ্রহণের জন্য সংশ্লিষ্ট জেলা সমবায় কার্যালয়ে অথবা প্রশিক্ষণ ইনস্টিটিউটে যোগাযোগ করা যেতে পারে।

(গ) এ ছাড়াও সমবায় অধিদপ্তর বিভিন্ন সমবায় প্রতিষ্ঠান, সরকারী-বেসরকারী সংস্থা/প্রতিষ্ঠানের অনুরোধে ও অর্থায়নে যৌথ উদ্যোগে পেশাগত প্রশিক্ষণ, অবহিতকরন কোর্স, মাঠ সংযুক্তি, শিক্ষাসফর, কর্মশালা, সম্মেলন ইত্যাদি পরিচালনা করে থাকে।

➢ আঞ্চলিক সমবায় ইনস্টিটিউট, মৌলভীবাজার এ আধুনিক সুযোগ সুবিধা সম্বলিত সম্মেলন কক্ষ রয়েছে। নির্ধারিত সার্ভিস চার্জ প্রদান করে বিভিন্ন সরকারী/বেসরকারী প্রতিষ্ঠান তাদের চাহিদা অনুযায়ী এ সকল ভ্যানু ব্যবহার করতে পারে।

আ.স.ই. মৌলভীবাজারের প্রদত্ত সেবা সমূহ :

১) সমবায় অধিদপ্তরের কর্মচারীদের প্রশিক্ষণ প্রদান যেমন কর্মচারীদের মৌলিক প্রশিক্ষণ,আধুনিক অফিস ব্যবস্থাপনা, সমবায় অডিটিং, রিফ্রেসার প্রশিক্ষণ

২) সমবায় সমিতির সদস্যদের জন্য সমিতির হিসাব সংরক্ষণ, সমবায় সমিতি ব্যবস্থাপনা প্রশিক্ষণ ইত্যাদি

৩) সমবায় সমিতির সদস্যদের জন্য আইজিএ ভিত্তিক প্রশিক্ষণ প্রদান করে থাকে।

৪) সমবায় অধিদপ্তর/সরকারের আওতায় উন্নয়নমূলক প্রকল্পের যে কোন প্রশিক্ষণ আয়োজন করা।

৫) বাংলাদেশ সমবায় একাডেমির সহায়তায় সমবায় সংশ্লিষ্ট গবেষণা পরিচালনা অন্যতম প্রধান কাজ।

৬) বিভিন্ন সরকারী, আধা-সরকারী ও বেসরকারী সংস্থার চাহিদা অনুযায়ী বিভিন্ন ধরনের প্রশিক্ষণ কোর্স করা।

৭) সমবায়ের বিভিন্নরূপ উন্নয়নের জন্য ওর্য়াকশপ, সেমিনার সিম্পোজিয়ামের ব্যবস্থা করা ।